

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।  
useosadarjoy@gmail.com

তাগিদপত্র

স্মারক নং-৩৭.১০.৩৮০০.৪৭.১৬.২৫- ৬৬৬

তারিখ: ১৬/০৯/২০২৫ খ্রি.

বিষয়: “টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন (TCV) ২০২৫” সফলভাবে বাস্তবায়ন এবং রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

সূত্র: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার ১৬/০৯/২০২৫খ্রি. তারিখের টেলিফোন বার্তা মোতাবেক


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১২/১০/২০২৫ খ্রি. তারিখ হতে ০৪ সপ্তাহ ব্যাপী সারাদেশে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন (TCV) ২০২৫ এর মাধ্যমে ০৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সী/প্রাক প্রাথমিক থেকে ৯ম শ্রেণি ও সমমান শিক্ষার্থীদের ০১ ডোজ টিসিডি টিকা প্রদান করা হবে। ইতোমধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে নিয়ে কর্মশালা ও শিক্ষার্থীদের তালিকা নেওয়া হয়েছে। কিন্তু উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার তথ্যমতে জানা যায় যে, প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা অনুযায়ী রেজিস্ট্রেশন কেবলমাত্র ৩৬% সম্পন্ন হয়েছে। যা মোটেও আশানুরূপ নয়। এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানের তালিকাভুক্ত যেসকল শিক্ষার্থীদের এখনও রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়নি তাদের রেজিস্ট্রেশন আগামী ২৩/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করে নিম্নোক্ত ছক মোতাবেক তথ্য অত্র কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন বাদ থাকলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

বিষয়টি অতীব জরুরি ও গুরুত্বপূর্ণ।

“ছক”

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম	মোট শিক্ষার্থীর সংখ্যা (শিশু শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত)	মোট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর সংখ্যা	মন্তব্য

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার  
.....স্কুল এন্ড কলেজ/স্কুল/মাদ্রাসা/কারিগরি  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

  
(মো: তোফাজ্জল হোসেন)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো-

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট।
- ০২। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সদর, জয়পুরহাট।
- ০৩। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
- ০৪। অফিস কপি।